
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১২১

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিশ্বের সর্ববৃহৎ গ্লোবাল কাস্টোডিয়ানগুলোর অন্যতম 'The Bank of New York Mellon (BNYM)' ও বাংলাদেশে তাদের সাব কাস্টোডিয়ান এইচএসবিসি'র প্রতিনিধিদের সাথে বিএসইসির বৈঠক প্রসঙ্গে।**



গত ২১ মে ২০২৫ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে বিশ্বের সর্ববৃহৎ গ্লোবাল কাস্টোডিয়ানগুলোর অন্যতম 'The Bank of New York Mellon (BNYM)' ও বাংলাদেশে তাদের সাব কাস্টোডিয়ান এইচএসবিসি'র প্রতিনিধিদের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, BNYM এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব Ahmed Kassem, এইচএসবিসি বাংলাদেশের হেড অব ফিন্যানশিয়াল ইনস্টিটিউশনস জনাব মনির উদ্দিন, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব এম নাজমুল হাসান ও ভাইস প্রেসিডেন্ট জনাব শাইলা আলম ত্রিশা উপস্থিত ছিলেন।

উক্ত বৈঠকে দেশের পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সাম্প্রতিক সময়ে বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন, পুঁজিবাজার নিয়ে বিএসইসি'র ভবিষ্যৎ পরিকল্পনা, মার্কেট ওভারসাইট ইত্যাদি বিষয়ে এসময় কথা হয়। বিশেষ করে সিসিবিএলকে অপারেশনে আনা, পুঁজিবাজারের প্রযুক্তিগত উন্নয়ন, পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন-বিধি যুগোপযোগীকরণের পরিকল্পনা, পুঁজিবাজারে টি প্লাস ওয়ান সেটেলমেন্ট চালু ইত্যাদি বিষয়ে আলোচনা হয়েছে। এছাড়াও বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের মাধ্যমে একে বিশ্ব মানের বাজারে পরিণত করতে এবং বাংলাদেশের পুঁজিবাজারে কাস্টোডিয়ানদের ভূমিকাকে আরো উন্নত করে দেশের বাজারে বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগে অধিকতর আগ্রহী করার বিষয়ে বৈঠকে কথা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও সহকারী মুখপাত্র